মজুরি বোর্ডের চেয়ারম্যান পদ থেকে সরানো হলো আশফাকুর রহমানকে



শেখ আশফাকুর রহমান। ছবি: সংগৃহীত

পোশাকশ্রমিকদের নতুন ন্যূনতম মজুরি নির্ধারণে গঠিত নিম্নতম মজুরি বোর্ডের নেতৃত্বে পরিবর্তন এনেছে সরকার। শেখ আশফাকুর রহমানের পরিবর্তে বোর্ডের নতুন চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পেয়েছেন জেলা ও দায়রা জজ সৈয়দ আজাদ সুবহানী।

বুধবার (৪ নভেম্বর) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের এক প্রজ্ঞাপনে এ নিয়োগের তথ্য জানানো হয়। একই আদেশে শেখ আশফাকুর রহমানকে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ) পদে বদলি করা হয়েছে। তবে তাঁর দায়িত্ব পরিবর্তনের বিষয়ে প্রজ্ঞাপনে কোনো কারণ উল্লেখ করা হয়নি।

পোশাকশ্রমিকদের বেতন বাড়ানোর দাবির মধ্যে নতুন মজুরি নির্ধারণের লক্ষ্যে গত ১ নভেম্বর ছয় সদস্যের নিম্নতম মজুরি বোর্ড গঠন করে সরকার। বুধবারই বোর্ডের প্রথম সভা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এই বোর্ডের মাধ্যমেই পোশাকশ্রমিকদের নতুন ন্যূনতম মজুরি নির্ধারণের কার্যক্রম এগিয়ে নেওয়া হবে।

LENS ASIA